

আলাপ করার ইচ্ছে হলেই

তোমার সাথে আলাপ করার ইচ্ছে হলেই
হাত বাড়িয়ে মোবাইলটাকে তুলে আনি,
মনের ভিতর গেঁথে থাকা নম্বর গুলো
এক এক করে টিপতে থাকি অভ্যস্ত আঙুলে ।
তোমার মোবাইলে সংযোগের সংকেত পেলে
অধীর প্রতীক্ষায় ছটফট করতে থাকি কেবলই ।
তুমি হ্যালো বললেই, দখিলা বাতাস বইতে শুরু করে
গাছে গাছে ফুটতে শুরু করে ফুল
পাখিরা মুখর করে তোলে বসন্তের আবেশ ।
উত্তরে হ্যালো বলতে কী যে আনন্দ, আমিই বুঝি ।
তোমার কণ্ঠস্বর কানে বাজতে থাকে জলতরঙ্গের মতো
আনন্দ উচ্ছ্বাসে শোনা হয়না অর্ধেক কথাও
তুমি বলছো, এটাই পরম পাওয়া ।
তুমি বলো আমি শুনি, আমি বলি তুমি শোন,
মাঝে মাঝে তোমার বলা আর আমার বলা
মাঝপথে টুংটাং ধাক্কা খায়,
সেই আনন্দে হেসে উঠি, তুমিও হাসো ।
এমন জরুরী কিছু নয়, তবুও কথার যেন শেষ নেই,
ঘড়িতে সময় দৌড়ায়, মোবাইলের বিল বাড়তে থাকে ।

পরোয়া করিনা, বাডুক না বিলের অঙ্ক, কি আসে যায় –
তোমার সাথে কথা হচ্ছে, এর মধ্যে বিলের হিসাব অর্থহীন ।

ঢাকা : ০৩.০১.২০০৭

মুহম্মদ আবদুস সালাম